

প্রিয় পিতামাতা বা অভিভাবক:

আপনার সন্তানের স্বাস্থ্য আমাদের কাছে গুরুত্বপূর্ণ বিষয়। নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলসমূহে, স্বাস্থ্য শিক্ষার ক্লাসগুলোতে অন্তর্ভুক্ত আছে সহিংসতা এবং আঘাত-প্রাপ্তি বিষয়ে সুরক্ষার জন্য দক্ষতা অর্জন এবং বিভিন্ন পাঠ; ভাবাবেগ এবং মানসিক স্বাস্থ্য; পুষ্টি এবং শারীরিক কর্মকাণ্ড; তামাক, অ্যালকহল এবং অন্যান্য মাদকদ্রব্যের ব্যবহার; পারিবারিক স্বাস্থ্য এবং যৌনতা; HIV/AIDS; এবং ব্যক্তিগত ও ভোক্তা স্বাস্থ্য। নতুন 'হেলথ এড ওয়ার্কস ইনিশিয়েটিভ' (স্বাস্থ্য শিক্ষা উদ্যোগ) -এ মেয়র ডি ব্লাজিও'র \$24 মিলিয়ন ডলার বিনিয়োগ আমাদের সকল স্কুলে স্বাস্থ্য সম্পর্কিত শিক্ষায় সহায়তা প্রদানের মাধ্যমে শিক্ষার্থীদের সুস্থতার প্রতি DOE-এর প্রতিশ্রুতিকে জোরদার করবে।

মিডল্ এবং হাই - উভয় স্কুলে এক সেমিস্টারের স্বাস্থ্য শিক্ষা নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব এডুকেশন (এনওয়াইএসইডি) বাধ্যতামূলক করেছে। শিক্ষার্থীরা কীভাবে সুস্থ-সবল জীবনযাপন করতে এবং ঝুঁকিপূর্ণ আচরণ এড়াতে পারে এই ক্লাসে তারা সেটি শেখে। মিডল্ এবং হাই স্কুল স্বাস্থ্য শিক্ষার ক্লাসের পাঠের মধ্যে আছে যৌন স্বাস্থ্য বিষয়ে বিভিন্ন শিক্ষা যা আপনার সন্তানের বয়স উপযোগী। এটি K-12 গ্রেডে স্টেটের বাধ্যতামূলক HIV/AIDS বিষয়ে পাঠের অতিরিক্ত।

যৌন স্বাস্থ্য বিষয়ের পাঠ উঠতি বয়সের শিক্ষার্থীদেরকে স্বাস্থ্য সচেতনতার সঠিক তথ্য প্রদান এবং এসব নিয়ে আলোচনার দক্ষতা প্রদান করে যা তাদের জন্য সুস্থ এবং সুরক্ষিত থাকার সিদ্ধান্ত গ্রহণে সহায়ক হয়। আমাদের মিলিত লক্ষ্য স্কুল-বয়সী তরুণদের যৌন কর্মকাণ্ডকে বিলম্বিত করা।


আমরা জানি যেআমাদের শিক্ষার্থী ও তাদের পরিবারবর্গের বিভিন্ন ধরনের বিশ্বাস, সংস্কৃতি ও আচার-আচরণ রয়েছে। সেসব মূল্যবোধ আপনার সন্তানের জীবনের মৌলিক, আবশ্যিক দিকনির্দেশনা। একজন পিতামাতা/অভিভাবক হিসেবে, জন্ম নিয়ন্ত্রণ এবং HIV/যৌনবাহিত রোগ সংক্রমণ (STI) প্রতিরোধের মত কিছু পাঠে আপনার সন্তানকে অংশগ্রহণ করতে না দেয়ার অধিকার আপনার রয়েছে। কিন্তু আপনি তাকে পানাহার থেকে বিরত রাখার ক্লাস অথবা অন্য যৌন স্বাস্থ্য বিষয়ক শিক্ষার পাঠ থেকে অপসারণ করতে পারেন না। আপনার সন্তানকে কোন্ সব পাঠে অংশগ্রহণ করতে না দেবার অধিকার আপনার আছে - সেসম্পর্কিত কোন প্রশ্ন থাকলে, অনুগ্রহ করে আপনার সন্তানের স্কুলের প্রিন্সিপ্যাল, প্যারেন্ট কোঅর্ডিনেটর, অথবা স্বাস্থ্য শিক্ষার শিক্ষকের সাথে কথা বলুন।

আপনি যদি আপনার সন্তানকে জন্ম নিয়ন্ত্রণ এবং HIV/STI-র ক্লাসে অংশগ্রহণ করতে দিতে না চান, আপনার সন্তানের প্রিন্সিপ্যালের কাছে চিঠি দিয়ে তা জানিয়ে দিন। এই চিঠিতে উল্লিখিত থাকতে হবে যে:

- জন্ম নিয়ন্ত্রণ এবং HIV/STI প্রতিরোধ পদ্ধতির ক্লাসরুমে আপনার সন্তান উপস্থিত থাকবে না; এবং
- বাড়িতে আপনি আপনার সন্তানের সাথে এইসব প্রতিরোধ বিষয়ে আলোচনা করবেন।

যেমন সকল বিষয়ে, পিতামাতা এবং অভিভাবকগণই সন্তানের প্রথম এবং সবচেয়ে প্রভাবশালী শিক্ষক। পিতামাতা, অভিভাবক এবং স্কুল - সবার লক্ষ্য এক: আমরা শিক্ষার্থীদের সব বয়সে এবং জীবনের প্রতিটি স্তরে সুস্থ-সবল দেখতে চাই। আপনার সন্তানকে জিজ্ঞেস করুন শুধু যৌন স্বাস্থ্য সম্পর্কিত বিষয়ে নয়, স্বাস্থ্য শিক্ষার ক্লাসের সকল পাঠে সে কী শিখছে। আপনি যদি আপনার সন্তানের স্বাস্থ্য শিক্ষার ক্লাস সম্পর্কে আরও জানতে আগ্রহী হন, তার প্রিন্সিপ্যাল এবং শিক্ষকদের সাথে কথা বলুন। এছাড়া, আপনার সন্তান যাতে জানে আপনার যে বিশ্বাস সেটি সুস্থ-সবল জীবনযাপনের শ্রেষ্ঠ উপায়, সেটি নিশ্চিত করুন।

বিনীত,



রিচার্ড এ. কারানজা